

বুলুগুল মারাম

হাদিস নম্বরঃ ৫১৮

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬. সালাতুল ইসতিসকা বা বৃষ্টির জন্য সালাত - সৎ ব্যক্তিদের দু'আর মাধ্যমে বৃষ্টি প্রার্থনা করার বিধান

আরবী

وَعَنْ أَنَسٍ: أَنَّ عُمَرَ - رَضِيَ اللَّهُ عَنْهُ - كَانَ إِذَا قَحِطُوا يَسْتَسْقِي بِالْعَبَّاسِ بْنِ عَبْدِ الْمُطَّلِبِ. وَقَالَ: اللَّهُمَّ إِنَّا كُنَّا نَسْتَسْقِي إِلَيْكَ بَنِيْنَا فَتَسْقِينَا, وَإِنَّا نَتَوَسَّلُ إِلَيْكَ بِعَمِّ نَبِيِّنَا فَاسْقِنَا, فَيُسْقَوْنَ. رَوَاهُ الْبُخَارِيُّ

صحيح. رواه البخاري (1010)

বাংলা

৫১৮. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। 'উমার ইবনু খাত্তাব (রাঃ) অনাবৃষ্টির সময় 'আব্বাস ইবনু আবদুল মুত্তালিব (রাঃ)-এর ওয়াসীলাহ দিয়ে বৃষ্টির জন্য দু'আ করতেন এবং বলতেন, হে আল্লাহ! (আগে) আমরা আমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওয়াসীলাহ দিয়ে দু'আ করতাম এবং আপনি বৃষ্টি দান করতেন। এখন আমরা আমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর চাচার ওয়াসীলাহ দিয়ে দু'আ করছি, আপনি আমাদেরকে বৃষ্টি দান করুন। এর ফলে বৃষ্টি বর্ষিত হত। এর ফলে বৃষ্টি বর্ষণ হতো। বুখারী।[1]

ফুটনোট

[1] বুখারী ১০১০, ২৭১০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=70329>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন